

# লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সম্পাদনাঃ ড. পীরুপদ মালিক



Lokosanskriti O Lokosahitya
*Collection of articles edited by Dr. Pirupada Malik
Associate Professor, Rabindra Mahavidyalaya, Published by Bikash Sadhukhan, 9/3
Ramanath Majumder Street, Kolkata-700 073, February 2023, Rs.*

গ্রন্থস্বত্ব : সম্পাদক

প্রকাশক :
বিকাশ সাধুখাঁ
৯/৩ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ : আন্তর্জাতিক কলকাতা বইমেলা
৫ ফেব্রুয়ারি, ২০২৩

বর্ণ বিন্যাসে : রূপম চক্রবর্তী

মুদ্রক :
মা শীতলা প্রিন্টিং ওয়ার্কস্
১৩, শশীভূষণ দে স্ট্রিট
কলকাতা-৭০০ ০১২

ISBN : 978-93-91321-38-3

মূল্য : ১৬০ টাকা মাত্র

# লোকসংস্কৃতি
# ও
# লোকসাহিত্য

সম্পাদনা
ড. পীরুপদ মালিক

প্রজ্ঞা বিকাশ
৯/৩, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা-৭০০০০৯

# সূচিপত্র

১। লোকসংস্কৃতি — পীরুপদ মালিক ১১

• সংস্কৃতি • লোকসংস্কৃতি • সংজ্ঞা • উদ্ভবের ইতিহাস • বাংলা প্রতিশব্দ • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • লোকসংস্কৃতি বনাম অভিজাত সংস্কৃতি • লোকসংস্কৃতি ও অভিজাত সংস্কৃতির পার্থক্য • লোকসংস্কৃতি সীমানা, দ্বন্দ্ব-সমন্বয়

২। লোকসাহিত্য — বর্ণালী হাজরা ২৩

• সাধারণ পরিচয় • সংজ্ঞা • শ্রেণিবিভাগ • বৈশিষ্ট্য • লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের পার্থক্য

৩। লোককথা অনুশীলনে টাইপ-মোটিফ পদ্ধতি — নবনীতা বসু ২৯

• লোকসংস্কৃতি টাইপ-মোটিফ পদ্ধতি • পশুকথা • সাধারণ লোককথা • হাসি ও পারিবারিক লোককথা • মোটিফ ইনডেক্স পদ্ধতি • লোকপুরাণ • জীবজন্তু • ট্যাবু বা বিধিনিষেধ • জাদু • মৃত • অসাধ্যসাধন • রাক্ষস-খোক্কস-দৈত্য-দানব-ডাইনি • পরীক্ষা • চালাক ও বোকা • প্রতারণা • লোককথার টাইপ-মোটিফ পদ্ধতি

৪। বাংলার ছড়া : জীবনে ও সাহিত্যে — পায়েল দে কুণ্ডু ৪১

• ছড়া শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ

৫। প্রবাদ-প্রবচন — দীনবন্ধু কুণ্ডু ৪৯

• প্রবাদ শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • প্রবাদ ও ধাঁধা • বাগধারা • ডাক ও খনার বচন

৬। ধাঁধা — রুমা চক্রবর্তী ৬০

• উৎপত্তি — ভাষাগত দিক, স্থানগত দিক • শ্রেণিবিভাগ • সংজ্ঞা • বৈশিষ্ট্য • উপাদান • প্রয়োগ • ধাঁধা চর্চার ইতিহাস • ধাঁধা ও প্রবাদের পার্থক্য

৭। লোককথা — পীরুপদ মালিক ৬৮
• উৎস • সংজ্ঞা • শ্রেণিবিভাগ — রূপকথা, উপকথা, ব্রতকথা, পুরাণ কথা

৮। লোকমন্ত্র — মৌসুমী ব্যানার্জী ৭৪
• সংজ্ঞা • মন্ত্রের উৎপত্তি • বৈশিষ্ট্য — অভিজাত মন্ত্র, লৌকিক মন্ত্র • ভিন্ন ধরনের মন্ত্র • সাহিত্যে লৌকিক মন্ত্রের প্রয়োগ • অভিজাত ও লৌকিক মন্ত্রের পার্থক্য

৯। লোকবাদ্য ও লোকপ্রযুক্তি — দীনবন্ধু কুণ্ডু ৮২
• উদ্ভবের ইতিহাস • লোকপ্রযুক্তি • লোকপ্রযুক্তির ইতিহাস

১০। লোকসঙ্গীত — ইন্দ্রাণী মালিক ৯০
• উদ্ভবের ইতিহাস • সংজ্ঞা • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ — ধর্মীয় প্রেরণাজাত, ধর্মীয় প্রেরণা নিরপেক্ষ

১১। বাউল ও বাউল গান — মধুমিতা সরকার ৯৬
• বাউল গানের উদ্ভবের ইতিহাস • বাউল শব্দের উৎপত্তি • গানের পরিচয়

১২। লোকগান ভাটিয়ালি — দীপন দাস ১০২
• ভাটিয়ালি শব্দের উদ্ভবের ইতিহাস • গানের ইতিহাস • ভাটিয়ালি গানের বিষয় বৈচিত্র্য — লৌকিক প্রেম, রাধাকৃষ্ণের প্রেম, আধ্যাত্মিক স্তরের গান • ভাটিয়ালি গানের বৈশিষ্ট্য

১৩। লোকসঙ্গীত ভাওয়াইয়া — সঞ্জয়কুমার পতি ১১০
• ভাওয়াইয়ার অবস্থান • নামকরণ • বিষয়বস্তু ও প্রকারভেদ • ভাওয়াইয়া গানের সংগীত শিল্পী

১৪। লোকসঙ্গীত গম্ভীরা : বিবর্তিত সময়ে — পায়েল ভট্টাচার্য্য ১১৬
• গম্ভীরার উদ্ভবের ইতিহাস • গম্ভীরার শ্রেণিবিভাগ — বন্দনা, চার-ইয়ারী, টপ্পা-ঠুংরী, সালতামামি • লোকনাট্য • লোকসঙ্গীত

১৫। লোকনাট্যের রকমফের — মহুয়া বিশ্বাস ১২২
• লোকনাট্যের প্রকারভেদ • পালাটিয়া • কোজাগরী খনগান • আলকাপ • গাজন পালা

১৬। লোকনৃত্য ছৌ — গম্ভীর কুমার ১৩৩
• লোকনৃত্যের উদ্ভব ও ইতিহাস • পুরুলিয়ার ছৌ-নৃত্য • সেরাইকেলার ছৌ-নৃত্য

১৭। লোকনৃত্য ও রায়বেঁশে — দীনবন্ধু কুণ্ডু ১৪৪
• লোকনৃত্যের সাধারণ পরিচয় • মুখোশ নৃত্য • ছৌ-নৃত্য • গম্ভীরা নৃত্য • মুখাখেলা নৃত্য • ধর্মীয় বা আচার নৃত্য • উৎসব নৃত্য • ব্যবসায়ী নৃত্য • যুদ্ধ নৃত্য • উপজাতি নৃত্য • রায়বেঁশে লোকনৃত্যের বিস্তৃত পরিচয়

১৮। লোকনৃত্যের বৃত্তে করম, নাটুয়া ও নাচনি — নিবেদিতা দিন্দা ১৫৪
• লোকনৃত্যের পরিচয় • লোকনৃত্যের বৈশিষ্ট্য • করম নাচ ও তার বৈশিষ্ট্য • নাটুয়া নাচ ও তার বৈশিষ্ট্য • নাচনি নাচ ও তার বৈশিষ্ট্য

১৯। বাংলার ব্রত ও পার্বণ : প্রসঙ্গ পুণ্যিপুকুর, মাঘমণ্ডল ও সেঁজুতি — পূজা ভুঁঞে ১৬২
• ব্রত সাধারণ পরিচয় • পুণ্যিপুকুর • মাঘমণ্ডল • সেঁজুতি • গোকুল • দশ-পুত্তুল • শিব ব্রত • যমপুকুর

২০। লোক উৎসব 'ভাদু' — একটি সমীক্ষা — সুজাতা বন্দ্যোপাধ্যায় ১৭৪
• ভাদু উৎসবের উৎপত্তি • ভাদু উৎসবের ইতিহাস • লোকউৎসব ভাদু

২১। মানভূমের লোকসংগীত 'ঝুমুর' — সঞ্জয়কুমার পতি ১৮২
• সীমানা • ঝুমুর নামের উৎপত্তি • ঝুমুরের প্রকারভেদ • মাস অনুযায়ী প্রচলিত ঝুমুর • ঝুমুর গানের বিষয় • ঝুমুর গানের সঙ্গে নাচনী নাচের সম্পর্ক • ঝুমুর : সেকাল-একাল

# লোকনৃত্য ও রায়বেঁশে

**দীনবন্ধু কুণ্ডু**

নৃত্য একটি অতিপ্রাচীন শিল্পকলা। পৃথিবীতে মানব সভ্যতার বিকাশের সূচনালগ্ন থেকেই নৃত্যশিল্পের উদ্ভব ও বিকাশ ঘটেছিল। আদিমযুগে নৃত্যকলা মূলত তিনটি বিষয়ের উপর ভিত্তি করে আত্মপ্রকাশ করেছিল। যথা—শিকারভিত্তিক জীবনযাত্রা, পশুপালনভিত্তিক জীবনযাত্রা ও কৃষিভিত্তিক জীবনযাত্রা। সময়ের বিবর্তনের সঙ্গে সঙ্গে নৃত্যকলার বিষয় ও আঙ্গিকের পরিবর্তন ঘটেছে খুব স্বাভাবিক ভাবেই। নৃত্যকলা মূলত দৃষ্টিগ্রাহ্য শিল্প, চলমান ভাস্কর্য ও গতিশীল নকশা। দেহ ভঙ্গিমার দ্বারা প্রকাশিত এক নাটক হল নৃত্য। নৃত্যের সাথে সংগীতের যোগ অত্যন্ত ঘনিষ্ঠ। নৃত্য ছাড়া গীত হতে পারে, কিন্তু গীত ছাড়া নৃত্য হতে পারে না। সারা পৃথিবীতে প্রধানত তিন ধরনের নৃত্য প্রচলিত আছে। যথা—আদিবাসী নৃত্য, লোকনৃত্য ও উচ্চাঙ্গ নৃত্য। এই তিন প্রকার নৃত্যের মধ্যে আঙ্গিকগত পার্থক্য থাকলেও অভ্যন্তরীণ সাদৃশ্য রয়েছে প্রচুর।

লোকসমাজের দ্বারা সৃষ্ট ও লোকসমাজে প্রচলিত নৃত্যই লোকনৃত্য। লোকনৃত্যের মুখ্য চালিকাশক্তি হলো ব্যবহারিক প্রয়োজনীয়তা। বিভিন্ন লোকসমাজের নিজস্ব অনুভূতি থেকে তৈরি হয়েছে লোকনৃত্য। আদিম যুগের সমাজ ব্যবস্থায় মানুষের জীবনযাত্রা ছিল একান্ত ভাবেই প্রকৃতি নির্ভর। শিকারের উন্মাদনা ও অপদেবতাকে তুষ্ট করতে আদিম মানুষ গোষ্ঠী জীবনে সৃষ্টি করেছে নৃত্য ছন্দের। আদিম লোকসমাজের উপযোগিতাবাদ থেকেই লোকনৃত্যের সৃষ্টি হয়েছে। এদের নৃত্য কলার মধ্যে জাদু সংস্কারের একটি অভিক্ষেপ ছিল। এ প্রসঙ্গে লোকসাহিত্যের বিশিষ্ট গবেষক ড. আশুতোষ ভট্টাচার্য বলেছেন-"আদিম সমাজের ঐন্দ্রজালিক ক্রিয়া নিষ্পন্ন করবার জন্যই একদিন সমাজ নৃত্যের উদ্ভব হয়েছিল। সেইজন্য গভীরভাবে বিশ্লেষণ করলে অধিকাংশ লোকনৃত্যের ঐন্দ্রজালিক গুণ ধরা পড়তে পারে।"[১] তবে নৃত্যের উদ্ভবের পিছনে বেশ কিছু উদ্দেশ্য বা উপলক্ষ্য কাজ করে। এ প্রসঙ্গে লোকসংস্কৃতিবিদ ড. পল্লব সেনগুপ্ত বলেছেন-"নাচের উদ্ভব ও বিকাশের ক্ষেত্রে মূলত যে যে উপলক্ষগুলি রয়েছে সেগুলি হল এই ঃ ক) ভাব বিনিময়ের জন্য অঙ্গভঙ্গির ক্রমবিবর্তন; খ) ধর্ম ও জাদু সংস্কারের অভিব্যক্তি গ) বিভিন্ন ধরনের উৎসব ও অনুষ্ঠান।"[২] লোকবাদ্যের মত লোকনৃত্যের পিছনেও সমাজের উৎসব অনুষ্ঠান ঘটনা ও সংগীতের বিশেষ ভূমিকা রয়েছে। এই নৃত্যের ক্ষেত্রে মুখোশ, ছদ্মবেশ, পোশাক পরিচ্ছদ, অলংকার, কেশসজ্জা ও অঙ্গভঙ্গির বিশেষ গুরুত্ব রয়েছে। তবে প্রাচীনকালে লোকনৃত্যের ক্ষেত্রে জাদুবিশ্বাস, অন্ধ ধর্মবিশ্বাস,